

শিক্ষার্থী না পাওয়ায় অস্তিত্ব সংকটে দেড়শতধিক কলেজ

রাফিক উদ্দিন

শিক্ষার্থী না পেয়ে অস্তিত্ব সংকটে পড়েছে সারাদেশের দেড় শতধিক কলেজ। এর মধ্যে একজন শিক্ষার্থীও পায়নি এমন কলেজই রয়েছে ৫৬টি। দুই-তিন বা সর্বোচ্চ ৩০ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে এমন কলেজ আছে শতাধিক। নাম ও সাইনবোর্ড সর্ব্ব এসব কলেজ বন্ধের উদ্যোগ নিচ্ছে আন্তঃশিক্ষা বোর্ড। শান্তি কার্যক্রমের অংশ হিসেবে দেশের সব কলেজের কাছে ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য-উপাত্ত চেয়েছে শিক্ষা বোর্ডগুলো। সব কলেজকে চলাতি অক্টোবরের মধ্যে শিক্ষা বোর্ডে তথ্য জমা দিতে হবে। এ বিষয়ে জানতে চাইলে আন্তঃশিক্ষা বোর্ড ও ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন গতকাল সংবাদকে বলেন, 'এক মাসের মধ্যে সব কলেজের ভর্তি সংক্রান্ত তথ্য চাওয়া হয়েছে। এর মধ্যে কিছু কলেজ পাওয়া গেছে, যারা একজন শিক্ষার্থীও পায়নি। এসব কলেজের পাঠদানের অনুমতি ও স্বীকৃতি নবায়ন কেন বাতিল করা হবে না সে সম্পর্কে কারণ দর্শানো নোটিশ দেয়া হবে। আর যেসব কলেজে অল্প কিছু শিক্ষার্থী ভর্তি হয়েছে, সেসব কলেজের বিরুদ্ধেও খোজ-খবর নিয়ে শাস্তিমূলক ব্যবস্থা

নেয়া হবে।' কলেজ ব্যবসার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের ইশিয়ারি দিয়ে কলেজ পরিদর্শক বলেন, 'সব কলেজকে ভর্তির তালিকা দিতে হবে। পাশাপাশি ভর্তি হওয়া শিক্ষার্থীর মার্কসশিট, অনলাইন ও সরাসরি ভর্তির যাবতীয় ডাটা বোর্ডে জমা দিতে হবে।' শিক্ষা বোর্ড জানায়, ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে একজন শিক্ষার্থীও ভর্তি হয়নি এমন ৫৬টি কলেজ ও সমমানের প্রতিষ্ঠান চিহ্নিত করা হয়েছে। এসব কলেজের মধ্যে ১৯টি স্বতন্ত্র বা প্রাইভেট কলেজ, যেগুলোর কোনোটিই এমপিওভুক্ত নয়। তবে এসব কলেজের এডুকেশন আইডেন্টিফিকেশন নম্বর বা ইআইএন ও পাঠদানের অনুমতি রয়েছে। শিক্ষার্থী না থাকা সত্ত্বেও এসব প্রতিষ্ঠান কীভাবে অনুমোদন বা ইআইএন পেল সে সম্পর্কে জানতে চাইলে ড. আশফাকুস সালেহীন বলেন, 'এগুলো অতীতে বিভিন্ন সময়ে অনুমোদন পেয়েছে।' এখন আর এগুলোর স্বীকৃতি নবায়ন করা হবে না।' শিক্ষার্থী না পাওয়া ৫৬টি প্রতিষ্ঠানের মধ্যে ২০টি স্কুল অ্যাড কলেজ। এসব প্রতিষ্ঠানের মাধ্যমিক স্তর এমপিওভুক্ত, কিন্তু কলেজ স্তর এমপিওভুক্ত নয়। সাতটি আলিম মাদ্রাসার দাখিল স্তর এমপিওভুক্ত, অস্তিত্ব : পৃষ্ঠা : ১৫ ক : ৪

অস্তিত্ব : সংকটে

(১ম পৃষ্ঠার পর)

কিন্তু আলিম স্তর এমপিওভুক্ত নয়। ১০টি টেকনিক্যাল স্কুল অ্যাড কলেজের ইআইএন রয়েছে, কিন্তু এসব প্রতিষ্ঠান সম্পর্কে বোর্ডের কাছে কোন তথ্য নেই। শিক্ষার্থী ভর্তি না হওয়া সাতটি মাদ্রাসা হলো- ভোলার বোরহানউদ্দিন উপজেলার খানখায়েই বসিরিয়া দারুসসুন্নত আলিম মাদ্রাসা, বরিশালের উজিরপুরের মুসীর তালুক বালিকা মাদ্রাসা, শেরপুরের দুখুমিয়া আলিম মাদ্রাসা, দিনাজপুরের মাহমুদপুর রসুলপুর হামিদিয়া আলিম মাদ্রাসা, খুলিলপুর হাজী ছানাউল্লাহ হিম্মী দাখিল মাদ্রাসা এবং সাতক্ষীরার কাশিমবাড়ি আইডিয়াল ওমেন দাখিল মাদ্রাসা ও শ্যামনগর সেন্ট্রাল দারুল উলুম আলিম মাদ্রাসা।